LPG AUTO GAS
STATION AND CONVERSION WORKSHOP
OWNERS' ASSOCIATION
BANGLADESH

# LPG Auto Gas Station & Conversion Workshop Owners' Association, Bangladesh

House: 2, Block: 2, Pallabi, Mirpur, Dhaka-1216, Bangladesh
Phone: 02-8033320 | Cell: 01704-179247
Email: bdlpgautogas19@gmail.com | Website: lpgautogasbd.com

সূত্র: বিইআরসি/লাইসেন্স/মতামত/০২/২০২১ তারিখ: ২৭শে মে, ২০২১

বরাবর
চেয়ারম্যান,
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন,
টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।

বিষয়: বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন লাইসেন্স (সংশোধন) প্রবিধানমালা, ২০২১ (খসড়া) প্রস্তাবনার উপর মতামত প্রদান প্রসঙ্গে।

মহোদয়,

যথাবিহীত সম্মানপূর্বক জানানো যাচ্ছে যে, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন কর্তৃক প্রনীত বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন লাইসেন্স (সংশোধন) প্রবিধানমালা, ২০২১ (খসড়া) সম্পর্কে প্রবিধানমালাটি আপনাদের প্রতিষ্ঠানের ওয়েবসাইট থেকে আমাদের দৃষ্টিগোচর হয়। উক্ত প্রবিধানমালা বিশ্লেষন করে আমরা বেশ কিছু বিষয়ে আমাদের মতামত প্রদান করা জরুরী মনে করছি।

সারাদেশে প্রায় ২৫০টিরও অধিক এলপিজি অটোগ্যাস ষ্টেশন স্থাপিত হয়েছে এবং আরো ২০০টি নির্মানাধীন আছে। বিকল্প জ্বালানি হিসাবে সিএনজি এর পাশাপাশি এলপিজি ব্যবহার শুরু হওয়ায় প্রাকৃতিক গ্যাসের উপর চাপ কমতে শুরু হয়েছে। অপরদিকে যেখানে সিএনজি গ্যাসের সুবিধা নেই সেই সমস্ত এলাকায় এলপিজি স্টেশন চালু হওয়ায় জ্বালানী সাশ্রয়ী হিসাবে এলপিজির চাহিদা দিন দিন বৃদ্ধি পাচ্ছে।

যানবাহনে অকটেন, পেট্রোল ও ডিজেলের পরিবর্তে তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (অটোগ্যাস) একটি পরিবেশবান্ধব বিকল্প জ্বালানি হিসাবে বিশ্বব্যাপী জনপ্রিয়তা লাভ করেছে। যানবাহনে অটোগ্যাস ব্যবহারের ব্যয় অকটেন/পেট্রোলের তুলনায় অর্ধেক। অন্যদিকে দেশে প্রাকৃতিক গ্যাসের মজুদ কমে যাওয়ায় সারাদেশে গ্যাসের সংকট দেখা দিয়েছে। উক্ত বিষয়গুলো বিবেচনা করে সরকার ইতিমধ্যে যানবাহনে পেট্রোল, অকটেন ও সিএনজি ব্যবহারের পরিবর্তে এলপিজি ব্যবহারে উৎসাহিত করেছেন।

যেহেতু এলপিজি সেক্টরের উন্নয়নের বিষয়টি সরকার অতীব গুরুত্বপূর্ণ হিসেবে বিবেচনা করছে সেহেতু আগামী ৫ (পাঁচ) বৎসর এই সেক্টরের ভবিষ্যৎ উন্নয়নের স্বার্থে লাইসেন্স (সংশোধন) প্রবিধানমালা, ২০২১ (খসড়া) কিছুটা সহজীকরন করার জন্য অনুরোধ করা যাচ্ছে। এক্ষেত্রে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন কর্তৃক প্রনীত বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন লাইসেন্স (সংশোধন) প্রবিধানমালা, ২০২১ (খসড়া) এর তফসিল-খ এর ২.৪ ধারা অনুযায়ী অটোগ্যাস মজুদকরণ ও বিতরণ লাইসেন্স ফি ৪০(চল্লিশ) হাজার টাকার পরিবর্তে ১৫(পনের) হাজার টাকা (তিন বৎসর মেয়াদ পর্যন্ত) এবং বার্ষিক নবায়ন ফি ২০(বিশ) হাজার টাকার পরিবর্তে ৫(পাঁচ) হাজার টাকা নির্ধারণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

নিবেদক

মোঃ হাসিন পারভেজ
মহাসচিব

LPG AUTO GAS STATION AND CONVERSION WORKSHOP OWNERS ASSOCIATION ★ BANGLADESH

Bangladesh Energy Regulatory Commission
Received
27 MAY 2021
Content Not Verified.

মোহাম্মদ সিরাজুল মাওলা
সভাপতি